NYC Department of Education

NYC Mayor's Office of Immigrant Affairs

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

অবৈধ শিক্ষার্থীরা কি নিউ ইয়র্ক সিটি স্কুলে ভর্তি হতে পারবে?

হ্যাঁ। অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন, নিউ ইয়র্ক সিটির প্রত্যেক শিক্ষার্থীর পাবলিক স্কুল শিক্ষার অধিকার রয়েছে। ৪ বছর বয়স অথবা যারা ৪ বছরের হবে তারা প্রি-কে-তে ভর্তির যোগ্য এবং সকল অধিবাসীর ৫ বছর বয়স থেকে গ্রাজুয়েশন অর্জন করা অথবা যে স্কুল বছরের শেষে তারা ২১ বছরের হবে সেই পর্যন্ত সকল শিক্ষার্থীর পাবলিক স্কুলে পড়ার অধিকার আছে। ডিওই কর্মকর্তা এবং কর্মীগণ অভিবাসনগত অবস্থা সম্পর্কে কোন প্রশ্ন জিজ্ঞেস করবেন না। তারা অভিবাসনগত অবস্থা সম্পর্কে জানলেও, তারা অবশ্যই বিষয়টি গোপন রাখবেন।

আমি অবৈধ হলেও কি আমার সন্তানকে স্কুলে পরিদর্শন করতে পারবো?

হ্যাঁ। ডিওই-র স্কুল পরিদর্শ্ন করতে, আপনার একটি অফিসিয়াল ফটো আইডির প্রয়োজন হবে। ডিওই নিউ ইয়র্টক সিটি কর্তৃক সকল নিউ ইয়র্কারদের জন্য ইস্যুকৃত ফ্রি মিউনিসিপ্যাল আইডি আইএনওয়াইসি গ্রহণ করে। আইডিএনওয়াইসি অভিবাসনগত অবস্থার তথ্য সংগ্রহ করে না। আপনি ফ্রি আইডিএন্ওয়াইসি-র জন্য www.nyc.gov/idnycসাইটে সাইন আপ করতে পারেন।

আমি যুক্তরাষ্ট্রের নাগরিক নই। আমার কি ডিপোর্টেশনের ব্যাপারে উদ্বিগ্ন হবার কারণ আছে?

আভিবাসনগত আইন অনেক জটিল এবং প্রত্যেকের জন্য ভিন্ন হতে পারে। আপনি যদি নিশ্চিত না হন যুক্তরাষ্ট্রে আইনগতভাবে থাকা এবং কাজ করা সাম্প্রতিক ইমিগ্রেশন ঘোষণা আপনার অবস্থাকে কতটা প্রভাবিত করেছে, আপনার উচিত আপনার বিকল্পগুলো বুঝতে একজন ইমেগ্রেশন অ্যাটর্নির সাথে কথা বলা। ফ্রি, নিরাপদ ইমিগ্রেশন আইনি সহায়তা লাভে অপয়েন্টমেন্টের জন্য 311 ফোন করে "অ্যাকশনএন্রওয়াইসি" বলুন।

আমার পরিবার সিরিয়া, ইরান, সুদান, সোমালিয়া, লিবিয়া, অথবা ইয়েমেন থেকে। আমার কি প্রেসিডেন্টের এইসব দেশে উপর ইমিগ্রেশন নিয়েধাজ্ঞা ঘোষণার ব্যাপারে উদ্বিগ্ন হবার কারণ আছে?

জাতীয় সূত্র যাই হোক না কেন, নিউ ইয়র্ক সিটির প্রত্যেক শিক্ষার্থীর পাবলিক স্কুল শিক্ষার অধিকার রয়েছে। প্রেসিডেন্টর আদেশ এর কোন পরিবর্তন ঘটায় না। আপনি যদি প্রেসিডেন্টের আদেশের ব্যাপারে উদ্বিগ্ন থাকেন যে, কীভাবে তা আপনার অথবা আপনার পরিবারের যুক্তরাষ্ট্রে থাকা অথবা সফর করাকে ক্ষতিগ্রস্ত করতে পারে, তাহলে ফ্রি, নিরাপদ ইমিগ্রেশন আইনি সহায়তা লাভে অ্যাপয়েন্টমেন্টের জন্য 311 নম্বরে ফোন করে "ইমিগ্রেশন আইনি সহায়তা" বলুন।

আপনার যদি এমন কোন পরিবার সদস্য থাকে যে বর্তমানে এয়ারপোর্টে আটকে আছে অথবা আপনি যদি কাউকে চেনেন যে বর্তমানে আটক আছে এবং আপনার শুধু ইমারজেন্সি সহায়তার প্রয়োজন পড়ে, জেএফকে ইন্টারন্যাশনাল এয়ারপোর্টে একজন স্বেচ্ছাকর্মী অ্যাটর্নির সাথে এখন কথা বলতে 844-326-4940 নম্বরে ফোন করুন।

সিটি কি ইমিগ্রেশন এনফোর্সমেন্টে অংশগ্রহণ করে?

সিটি ইমিগ্রেশন আইন প্রয়োগ পরিচালনা করে না। ফেডরেল গভর্নমেন্ট এই প্রয়োগের বিষয়টি দেখে। সিটির গোপনীয়তার নীতি, যা অভিবাসনগত অবস্থা এবং অন্য গোপনীয় তথ্য সংরক্ষণ করে, কার্যত অভিবাসীসহ সকল অধিবাসীর জন্য সিটিকে একটি নিরাপদ, আন্তরিক স্থান হিশেবে তৈরি করে।

আমার কি সহায়তার জন্য পুলিশকে কল করা নিরাপদ?

হ্যাঁ। অপরাধের শিকার, সাক্ষী, অথবা অন্য যাদের সহায়তার দরকার হয় তাদেরকে এনওয়াইপিডি অভিবাসনগত অবস্থার প্রশ্ন জিজ্ঞেস করে না। বিদ্বেষমূলক অপরাধসহ কেউ যদি কোন অপরাধের শিকার হয়, তার উচিত এনওয়াইপিডি-কে 911 নম্বরে কল করে যোগাযোগ করা অথবা এনওয়াইপিডি হেট ক্রাইম টাস্ক ফোর্সের (646) 610-5267 নম্বরে সরাসরি ফোন করা

ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস্ এনফোর্সমেন্টের (ICE) ব্যাপারে আমার কী অধিকার আছে?

আপনার যদি আইসিই সম্পর্কে কোন উদ্বেগ থাকে অথবা আপনার অধিকার সম্পর্কে আপনি যদি আরও তথ্য জানতে চান অথবা প্রস্তুতির জন্য আপনি করতে পারেন, তাহলে একজন ইমিগ্রেশন আইনজীবীর সাথে কথা বলুন। বেশ কিছু অলাভজনক প্রতিষ্ঠান নিউ ইয়র্ক সিটির ইমিগ্র্যান্ট যারা ইমিগ্রেশন আইনি সহায়তা চায় তাদের জন্য উচ্চ মানসম্পন্ন, ফ্রি-তে অথবা কম-খরচে আইনি পরামর্শ প্রদান করে, এর অন্তর্ভুক্ত অ্যাকশনএনওয়াইস কর্মসূচির মাধ্যমে প্রদত্ত পরিষেবা। ফ্রি, নিরাপদ ইমিগ্রেশন আইনি সহায়তা লাভে অপয়েন্টমেন্টের জন্য 311 ফোন করে "ইমিগ্রেশন আইনি সহায়তা" বলুন।

ফেডারেল আইন প্রয়োগকারী অফিসারগণ, এর অন্তর্ভুক্ত ইমিগ্রেশন অফিসার, কি এনওয়াইসি পাবলিক স্কুলগুলোতে প্রবেশ করতে পারে?

বর্তমান ফেডারেল পলিসি ইমিগ্রেশন-সম্পর্কিত গ্রেফতার, ইন্টারভিউ, তল্লাশি, এবং বিভিন্ন স্পর্শকাতর স্থানের নজরদারিকে সীমিত করে, এর অন্তর্ভুক্ত স্কুলগুলোও। ফেডারেল আইন প্রয়োগকারী অফিসারগণ, যার অন্তর্ভুক্ত ইমিগ্রেশন অফিসারও, শুধুমাত্র আইনি বাধ্যবাধকতার ক্ষেত্রে ডিওই স্কুলসমূহে প্রবেশের অনুমতি লাভ করবে, এবং তাও স্কুল ডিওই আইনজীবীদের সাথে পরামর্শ করার পরে। যদি কোন আইসিই অফিসার ইমিগ্রেশন বিষয়ক আইন প্রয়োগের উদ্দেশ্যে স্কুলে আসে, স্কুল সেফটি এজেন্ট প্রিন্সিপ্যালকে কল করবে এবং প্রিন্সিপ্যাল সেফটি ডেস্কে আইসিই অফিসারের সাথে মিলিত হবেন। প্রিন্সিপ্যাল অফিসারকে পরামর্শ দেবেন, যেসময় প্রিন্সিপ্যাল ডিওই আইনজীবীদের সাথে কথা বলেন সেই সময়ে অফিসার যেন অবশ্যই স্কুল বিল্ডিংয়ের বাইরে অবস্থান করেন। ডিওই আইনজীবীদের সাথে পরামর্শের পরে প্রিন্সিপ্যাল পিতামাতা অথবা অভিভাবককেও জানাবেন। সাধারণভাবে বলা যেতে পারে, ফেডারেল আইন প্রয়োগকারী অফিসারগণকে শুধুমাত্র তখনই প্রবেশের অনুমতি প্রদান করা হবে যখন তাদের কাছে যথাযথ বিচারিক আদেশ থাকবে অথবা খুব স্বল্প ক্ষেত্রে নির্দিষ্ট কিছু ধরনের জরুরি পরিস্থিতি বিরাজ করে এবং জরুরি ব্যবস্থা গ্রহণের আবশ্যিকতা থাকে।

যদি এমন হয় পিতামাতা/অভিভাবক গ্রেপ্তার/ডিপোর্ট হবার কারণে স্কুল থেকে শিক্ষার্থীকে নেয়া সম্ভব না হয়, সেক্ষেত্রে কী হতে পারে?

স্কুল থেকে যদি শিক্ষার্থীকে নেয়া না হয়, তাহলে স্কুল নিয়মিত নিয়ম অনুসরণ করবে এবং প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি ইমারজেন্সি যোগাযোগের তথ্য কার্ডে তালিকাভুক্ত ব্যক্তিদেরকে ফোন করবেন। যৌক্তিক সময়ের মধ্যে যদি স্কুল কোন যোগাযোগের ব্যক্তিকে না পান, অধিকাংশ স্কুল তাদের স্থানীয় পুলিশ পিসিংক্টে যোগাযোগ করবে, যারা যথাযথ ব্যবস্থা নেবেন, যা শিক্ষার্থীর বাড়িতে একটি ওয়েলনেস ভিজিটও হতে পারে। এর পরেও যদি কাউকে না পাওয়া যায়, পিসিংক্ট শিক্ষার্থীকে তাদের তত্ত্বাবধানে নেবে এবং ইমারজেন্সি যোগাযোগের ব্যক্তিদের সাথে যোগাযোগের চেষ্টা অব্যাহত রাখবে, অথবা অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন সার্ভিস (ACS)-এর সাথে যোগাযোগও করতে পারে।

আমার সন্তানদের নিরাপত্তা নিশ্চিতকরণে আমি কি কিছু করতে পারি?

প্রাপ্তবয়স্কদের নাম এবং ফোন নম্বর যোগ করতে (উদাহরণস্বরুপ, পারিবারিক সদস্য, বন্ধু-বান্ধব, বেবিসিটার, প্রতিবেশী, অথবা অন্য স্কুল পিতিমাতা) কিছুটা সময় নিয়ে আপনার সন্তানের স্কুলের ইমারজেন্সি যোগাযোগের তথ্য হালনাগাদ করুন যাতে তারা আপনার অনুপস্থিতিতে আপনার সন্তানকে স্কুল থেকে নিতে আসতে পারে। আপনার সন্তান অংশগ্রহণ করছে এমন আপনার স্কুল, প্রি-কে, চাইল্ডকেয়ার কর্মসূচি এবং যেকোন আফটার স্কুল কর্মসূচির জন্য এটি করুন।

আমি কোথায় ইমিগ্রেশন বিষয়ে আইনি সহায়তা পেতে পারি?

ইমিগ্রেশন আইন জটিল। আপনার ইমিগ্রেশন বিষয়ে আপনাকে সহায়তা প্রদান করতে পারে এমন একজন বিশ্বস্ত, যোগ্য ইমিগ্রেশন অ্যাটর্নি আপনি খুঁজে নিতে পারেন। ইমিগ্রেশন জালিয়াতি এড়িয়ে চলুন: আইনজীবী নয় এমন কেউ আইনি সহায়তা প্রদান করতে সক্ষম নাও হতে পারে। বেশ কিছু অলাভজনক প্রতিষ্ঠান নিউ ইয়র্ক সিটির ইমিগ্র্যান্ট যারা ইমিগ্রেশন আইনি সহায়তা চায় তাদের জন্য উচ্চ মানসম্পন্ন, ফ্রি-তে অথবা কম-খরচে আইনি পরামর্শ প্রদান করে, এর অন্তর্ভুক্ত অ্যাকশনএনওয়াইস কর্মসূচির মাধ্যমে প্রদত্ত পরিষেবা।

এই ফ্রি পরিষেবা আপনাকে যোগ্য ইমিগ্রেশন আইনজীবীর সাথে সংযুক্ত এবং আপনাকে জালিয়াতি এড়ানোয় সহায়তা প্রদান করতে পারে। 311 নম্বরে ফোন করুন এবং বলুন "ইমিগ্রেশন আইনি সহায়তা।"

কী ধরনের সিটি পরিষেবা আমার এবং আমার পরিবারের জন্য লভ্য?

অবৈধ অভিবাসীসহ, সকল নিউ ইয়র্কবাসীদের জন্য অধিকাংশ সিটি পরিষেবা লভ্য, যেমন স্কুলে ভর্তি হওয়া, অথবা স্বাস্থ্য সিস্টেমের প্রযত্ন লাভ, অথবা অন্য পরিষেবা। সিটির কর্মীগণ, তাদের কাজে প্রয়োজন না হলে, অভিবাসনগত অবস্থার প্রশ্ন জিজ্ঞেস করবে না। তারা অবশ্যই অভিবাসনগত তথ্য গোপন রাখবে।

- **আইডিএনওয়াইসি** – আইডিএনওয়াইসি হলো সকল নিউ ইয়র্কবাসীদের জন্য সিটির আইডি কার্ড। আইডিএনওয়াইসি অভিবাসনগত অবস্থার তথ্য সংগ্রহ করে না। www.nyc.gov/idnyc সাইটে একটি অ্যাপয়েন্টমেন্ট করুন।
- **হেলথ কেয়ার**
  - কম খরচের ইমারজেন্সি এবং নন-ইমারেজেন্সি স্বাস্থ্য প্রযত্ন সকল পাবলিক হাসপাতাল এবং ক্লিনিক এবং অন্য ব্যয় বহানযোগ্য ক্লিনিকে লভ্য। আরও তথ্যের জন্য 311 নম্বরে ফোন করুন।
  - এনওয়াইসি ওয়েল একটি ফ্রি এবং গোপনীয় সংযোগ যা যেকোন সময়ে ২০০ অধিক ভাষায় মানসিক স্বাস্থ্য পরিষেবা প্রদান করে। 1-888-NYC-Well -এ ফোন, 65173 নম্বরে WELL টেক্সট করুন, অথবা www.nyc.gov/nycwell সাইটে যান।
- **চাইল্ড কেয়ার** – নিম্ন-আয়ের পরিবারসমূহ যাদের ৬ সপ্তাহ বয়স থে ১২ বছর বয়সী সন্তান রয়েছে তারা ফ্রি-তে অথবা কম-খরচে শিশু প্রযত্ন পরিষেবা পেতে পারে। আরও তথ্যের জন্য 311 নম্বরে ফোন করুন।
- **ইমারজেন্সি খাবার এবং আশ্রয়** – নিউ ইয়র্ক সিটিব্যাপী বিভিন্ন স্থানে প্রয়োজন রয়েছে এমন মানুষের জন্য ফ্রি-তে খাবার প্রদান করা হয়। হোমবেস প্রোগ্রাম অধিবাসীদের আশ্রয় কেন্দ্রে যাওয়া এড়ানোতে সহায়তা করতে পারে। আরও তথ্যের জন্য 311 নম্বরে ফোন করুন।

আমি যদি আমার সন্তানের মতো অনুভব করি অথবা আমি যদি বৈষম্য অথবা হয়রানির শিকার হই, আমার কী করা উচিত?

কর্মস্থলে, আবাসনে এবং পাবলিক স্কুলসহ পাবলিক জায়গাগুলোতে বেআইনি বৈষম্য, প্রতিহিংসা, এবং হয়রানি মুক্ত হবার অধিকার প্রত্যেক নিউ ইয়র্কবাসীর রয়েছে। আরও তথ্যের জন্য অথবা কোন ঘটনা রিপোর্ট করতে, কোন স্কুলের রেসপেক্ট ফর অল (RFA) লিঁয়াজোর সাথে যোগাযোগ, 311 নম্বরে ফোন অথবা এনওয়াইসি কমিশন অন হিউম্যান রাইটস্-এর হটলাইনের (718) 722-3131 নম্বরে ফোন করুন।